উত্তর প্রদেশ, হরিয়ানায় ও পাঞ্জাবে আগামী ২৪ ঘণ্টায় প্রবল বৃষ্টির সতর্কতা

নয়াদিল্লি, ৩ জুলাই : বর্ষা গুটি গুটি পায়ে এগিয়ে ছড়িয়ে পড়ছে উত্তর ও মধ্য ভারতের বিস্তীর্ণ অংশে। গত কয়েকদিনে দেশের প্রায় সব অংশেই শুরু হয়ে গেছে বর্ষার বৃষ্টি। ভারতীয় আবহাওয়া দফতর মঙ্গলবার তাদের পূর্বাভাসে জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় উত্তর প্রদেশ, বিহার, পাঞ্জাব এবং চণ্ডীগড়ে প্রবল বৃষ্টি হবে বলে আশা করা হচ্ছে। এছাড়া উত্তরাখণ্ড, পশ্চিমবঙ্গ, সিকিম, অসম এবং মেঘালয়েও আগামী ২৪ ঘণ্টায় বিচ্ছিন্নভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তামিলনাড়ু, কর্নাটক এবং সংলগ্ন কোঙ্কন ও গোয়া উপকূলেও এই সময়ে ভারী বৃষ্টি হতে পারে বলে তাদের পূর্বাভাসে সতর্ক করেছে আইএমডি। ইতিমধ্যেই মুম্বইতে শুরু হয়েছে প্রবল বর্ষণ। ডুবে গিয়েছে অধিকাংশ রাস্তা। শহরের বহু জায়গাতেই যানজটের খবর পাওয়া যাচ্ছে। ধাক্কা খেয়েছে ট্রেন পরিষেবাও। এমনকি যে ডাব্বাওয়ালারা পারতপক্ষে তাঁদের পরিষেবা বন্ধ রাখেন না, তাঁরাও মঙ্গলবার পরিষেবা বন্ধ রেখেছেন। প্রসঙ্গত, সোমবার দিল্লিতে সন্ধে থেকে মাঝরাত পর্যন্ত মাঝারি মাপের বৃষ্টি হয়েছে। আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ২ দিন রাজধানীতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

অযোধ্যায় মন্দির নির্মাণ নিয়ে সুব্রহ্মণ্যম স্বামীর আবেদনের দ্রুত শুনানি অস্বীকার সুপ্রিম কোর্টের

নয়াদিল্লি, ৩ জুলাই : অযোধ্যার বিতর্কিত রাম মন্দিরে পুজোর মৌলিক অধিকারকে বলবৎ করতে চেয়ে সুপ্রিম কোর্টে আবেদন করেছেন বিজেপির ফায়ারব্র্যান্ড সাংসদ সুব্রহ্মণ্যম স্বামী। এই আবেদনটি দ্রুত তালিকাভুক্ত করে শুনানির কথাও বলেছিলেন স্বামী। কিন্তু সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি দীপক মিশ্র, বিচারপতি এ এম খানউইলকর এবং বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চ তাঁর এই আবেদন দ্রুত তালিকাভুক্ত করে শুনানির বিষয়টি বিবেচনাধীন রেখেছে। এ নিয়ে তাঁরা কোনও মন্তব্য করতে চাননি। বরং স্বামীর উদ্দেশে বিচারপতিরা বিষয়টি পরে জানানোর কথা বলেছেন।

সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সহ দুই বিচারপতিকে নিয়ে তৈরি বেঞ্চের এই নির্দেশে স্পষ্টতই ক্ষুব্ধ স্বামী। মঙ্গলবার তিনি জানিয়েছেন, বিচারকরা এ নিয়ে যে শব্দবদ্ধ ব্যবহার করেছেন তা অত্যন্ত হেঁয়ালিপূর্ণ। কারণ তিনি তাঁর পিটিশনে স্পষ্টই উল্লেখ করেন এই আবেদনের ১৫ দিনের মধ্যেই শুনানি শুরু করার। অথচ শীর্ষ আদালত আগের মতোই রাম জন্মভূমিতে রামলালার পুজো মৌলিক অধিকার বলে মেনে স্বামীর আবদনের দ্রুত শুনানি করতে অস্বীকার করল।

প্রসঙ্গত, গত ১৪ মার্চ সুপ্রিম কোর্টের একটি স্পেশাল বেঞ্চ বিচারপতি অশোক ভূষণ এবং বিচারপতি এস এ নাজির, বিশিষ্ট সমাজকর্মী ও চিত্র পরিচালক শ্যাম বেনেগাল এবং তিস্তা শীতলবাদের অযোধ্যার বিতর্কিত মামলায় আদালতের নাক গলানো খারিজ করে দেন। বিচারপতিরা জানিয়েছেন, অযোধ্যার জমি বিতর্কিত মামলায় শুধুমাত্র যে পার্টিরা প্রথম থেকে বিভিন্ন আবেদন দাখিল করেছেন, একমাত্র তাদেরই নতুন করে আবেদনের অনুমতি দেওয়া হবে।

সুপ্রিম কোর্ট সুব্রহ্মণ্যম স্বামীকেও মূল মামলায় হস্তক্ষেপের অনুমতি দেয়নি। এতে বেজায় খাপ্পা হয়ে বিজেপির এই ফায়ারব্র্যান্ড সাংসদ বলেছেন তিনি একটি রিট পিটিশন দাখিল করেছিলেন। এই রিট পিটিশনে বলা হয়, অযোধ্যায় ভগবান রামচন্দ্রের জন্মভূমিতে পুজো করার মৌলিক অধিকার তাদের দিতে হবে। সম্পত্তির অধিকারের থেকেও এই অধিকার অনেক বেশি বলে মনে করেন স্বামী।

কিন্তু বেঞ্চ জানায়, বিতর্কিত রাম জন্মভূমির ঘটনায় হস্তক্ষেপের অনুমতি দিতে তারা বাধ্য নয়। আইন অনুযায়ী উপযুক্ত বেঞ্চই এই বিষয়টির সুরাহা করবে বলেও দাবি করেছেন বিচারপতিরা। এদিকে শীর্ষ আদালতের স্পেশাল বেঞ্চ বিতর্কিত রাম জন্মভূমি নিয়ে চারটি মামলায় হাইকোর্টের দেওয়া রায়ের বিরুদ্ধে যে ১৪টি আবেদন হয়েছে সুপ্রিম কোর্টে, তা স্পেশাল বেঞ্চ বিবেচনা করে দেখছে।

প্রসঙ্গত, এলাহাবাদ হাইকোর্টের তিন সদস্যের বেঞ্চ ২০১০ সালে সংখ্যাগরিষ্ঠের রায়ে নির্দেশ দেয় যে, অযোধ্যার বিতর্কিত রাম জন্মভূমির যে জমি তা সুন্নি ওয়াক্ফ বোর্ড, নির্মোহী আখড়া এবং রামলালার মন্দির কমিটির মধ্যে তিনটি সমান ভাগে ভাগ করে দিতে হবে। এই রায়ের বিরুদ্ধেই ১৪টি আবেদন জমা হয়েছে সুপ্রিম কোর্টে।

আন্ধেরিতে ভেঙে পড়ল রেলওয়ের ফুট ওভারব্রিজের একটি অংশ

মুম্বই, ৩ জুলাই : মুম্বইয়ে আন্ধেরির রেলওয়ে ফুট ওভারব্রিজের একটি অংশ রেল ট্র্যাকের উপর ভেঙে পড়ায় ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। প্রসঙ্গত, এই রেলওয়ে ফুট ব্রিজটি আন্ধেরি ইস্ট এবং ওয়েস্টের মধ্যে সংযোগ রক্ষা করত। তবে চন্দ্রশেখর সাওন্ত নামে এক রেলচালকের অসাধারণ তৎপরতায় বড় বিপদের হাত থেকে রক্ষা পেয়েছে একটি যাত্রীবাহী লোকাল ট্রেন। মাত্র কয়েক মিটার দূরে এসে ট্রেনটি দাঁড়িয়ে যায়। চন্দ্রশেখর সাওন্ত নামে এই রেল চালক এখন প্রকৃত অর্থেই সকলের কাছে 'হিরো' হয়ে উঠেছেন। কারণ তাঁর সতর্কতার ফলেই ট্রেন যাত্রীদের সুরক্ষা দেওয়া সম্ভব হয়। যদিও পাঁচ পথচারী ব্রিজের ধ্বংসস্তূপের মধ্যেই আটকে পড়েন। তাঁদের আঘাতও গুরুতর।

মঙ্গলবার ভোর থেকেই অন্যদিনের মতো ওই লাইনে ট্রেন চলাচল শুরু হয়ে যায়। এদিন সকাল থেকেই অবিরাম বৃষ্টি হচ্ছিল। বিভিন্ন রাস্তায় জল জমে যায়। ধীরে ধীরে গাড়িগুলি চলতে থাকে। যদিও ট্রেন পরিষেবা শুরু হয়ে যায় প্রতিদিনের মতোই নিয়ম মেনে। কিন্তু প্রবল বৃষ্টির কারণে লাইনে কিছুক্ষণের মধ্যেই জল দাঁড়াতে শুরু করায় ট্রেন পরিষেবা বিঘ্নিত হয়। তবে তখনও বোঝা যায়নি, দিনের প্রথমেই এত বড় একটি বিপদ অপেক্ষা করে আছে। আন্ধেরী পূর্ব এবং আন্ধেরী পশ্চিমের মধ্যে সংযোগ রক্ষাকারী সেতুটি হঠাৎই ট্র্যাকের উপর ভেঙে পড়তে থাকে।

এই ব্রিজ ভাঙার ঘটনাটি দেখতে পান ব্রিজের প্রায় কাছাকাছি চলে আসা একটি লোকাল ট্রেনের চালক চন্দ্রশেখর সাওন্ত। অত্যন্ত তৎপরতার সঙ্গে দ্রুত তিনি ট্রেনের আপৎকালীন ব্রেক টেনে ধরেন। ফলে ভেঙে পড়া ব্রিজ থেকে কয়েক মিটার দূরে ধীরে ধীরে দাঁড়িয়ে পড়ে ট্রেনটি। বিপুল সংখ্যক মানুষ সাক্ষাৎ মৃত্যুর হাত থেকে বেঁচে যাওয়ায় কার্যত হিরো হয়ে ওঠেন চন্দ্রশেখর। পরে তিনি সাংবাদিকদের বলেন, প্রতিদিনের মতো এদিনও তিনি গাড়ি চালাচ্ছিলেন। হঠাৎ তাঁর নজরে পড়ে তাঁর সামনে থাকা ব্রিজটি যেন নেমে আসছে। ততক্ষণাৎ তাঁর মধ্যে প্রতিক্রিয়া শুরু হয়। তিনি এমারজেন্সি ব্রেকটি চেপে ধরেন যাতে যতখানি সম্ভব দুর্ঘটনা এড়ানো যায়। কার্যত তাঁর এই পরিকল্পনা বাস্তবে বহু মানুষের প্রাণ রক্ষা করতে সাহায্য করেছে। প্রসঙ্গত, এই রেলচালক চন্দ্রশেখর সাওন্ত ১৯৯৭ সালে রেলে যোগ দেন। কাজেই তাঁর অভিজ্ঞতাও যথেষ্ট। তবে এদিন যেভাবে তিনি যাত্রীদের প্রাণ বাঁচিয়েছেন তাতে কৃতজ্ঞ তাঁরা। চন্দ্রশেখরের তাৎক্ষণিক সিদ্ধান্ত নিতে পারার ক্ষমতাই বিপুল সংখ্যক যাত্রীর প্রাণ বাঁচিয়েছে বলে ধারণা রেল কর্তৃপক্ষের। দুর্ঘটনার জন্য স্বাভাবিকভাবেই রেল পরিষেবা বিঘ্নিত হয়েছে। কারণ আন্ধেরির গোখেল ব্রিজের একটি অংশ ভেঙে পড়েছে রেল ট্র্যাকের উপরেই। পরিষেবা কখন স্বাভাবিক হবে, তা বলতে পারেনি রেল কর্তৃপক্ষ। তবে অতিরিক্ত যন্ত্রপাতি ও কর্মীদের এনে দ্রুত রেল ট্র্যাকের উপর থেকে ধস সরানোর কাজ শুরু হয়েছে।

রেল কর্তৃপক্ষ জানিয়েছে, এর ফলে একাধিক ট্রেনে যাত্রার সময়সূচি বদল হয়েছে। যেমন মুম্বই-সেন্ট্রাল-নয়াদিল্লি-রাজধানী এক্সপ্রেস বিকেল ৫টার পরিবর্তে সন্ধে ৭টা থেকে ছাড়বে। মুম্বই সেন্ট্রাল নিজামুদ্দিন আগাসক্রান্তি রাজধানী এক্সপ্রেস ও মুম্বই সেন্ট্রাল-ফিরোজপুর ক্যান্টনমেন্ট এবং জনতা এক্সপ্রেস বাতিল করা হয়েছে। বন্ধ রাখা হয়েছে বান্দ্রা-গোরেগাঁও শাখা। তবে ঘাটকোপার এবং সিএসএমপি'র মধ্যের মতো শহরতলিতে ট্রেন চলাচল স্বাভাবিক থাকবে বলে জানিয়েছেন রেল কর্তারা। বান্দ্রা ও চার্চ গেটের মধ্যেও ট্রেন চলাচল বজায় থাকবে।

এদিকে বিএমসি কমিশনার বাস পরিষেবা বাড়ানোর জন্য আবেদন জানিয়েছেন। কারণ প্রবল বৃষ্টির মধ্যে অফিস ফেরত যাত্রী ও স্কুল-কলেজের ছাত্রছাত্রীদের যাতে বাড়ি ফিরতে অসুবিধা না হয়, সেজন্যই বাসের সংখ্যা বাড়ানোর কথা বলা হয়েছে। এজন্য অতিরিক্ত ৩০টি বাসের ব্যবস্থা করা হয়েছে বান্দ্রা ও আন্ধেরির মধ্যে।

ফেসবুক অ্যাকাউন্ট হ্যাকের অভিযোগ এবার নীতীশ চাচার বিরুদ্ধে লালুপুত্রের

পাটনা, ৩ জুলাই : এই তো সেদিন লালুর জ্যেষ্ঠপুত্র তেজ প্রতাপের বিয়ের অনুষ্ঠানে এসেছিলেন তাঁর নীতীশ চাচা। বধূর হাতে তুলে দিয়েছিলেন লাল গোলাপের স্তবক। বেশ কিছুক্ষণ কাটিয়ে গিয়েছিলেন যাদব পরিবারের সদস্যদের সঙ্গে। সেদিন মুখ্যমন্ত্রীর উদারতায় খুশি হয়েছিলেন তাঁরা। যদিও এখন উল্টো সুরে গাইতে শুরু করেছেন লালুর পরিবারের সদস্যরা ও আরজেডি সদস্যরা। এরই মধ্যে বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের বিরুদ্ধে তেজ প্রতাপ যাদব একটি মেসেজ পাঠিয়েছেন। বাড়ির ঠিকানাটি রাবড়ি দেবীর বাড়ির।

সেখানে পরিষ্কার লিখেছেন, বিজেপি-আরএসএস সদস্যরা তাঁর ফেসবুক অ্যাকাউন্ট হ্যাক করেছেন। কেন করেছেন? তেজ প্রতাপের দাবি, নীতীশ চাচা এবং সুশীল মোদী চাচা তাঁর সোশ্যাল মিডিয়া প্রোফাইল হ্যাক করেছেন বলে তিনি এফআইআর করবেন। তেজ প্রতাপের অভিযোগ, প্রথমে বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও তাঁর মা রাবড়ি দেবীকে আক্রমণের পরই তাঁর ফেসবুক পেজটি কার্যত হ্যাকারদের দখলে চলে যায়। প্রসঙ্গত, লালুর কনিষ্ঠ পুত্র ও আরজেডি নেতা তেজস্বী যাদব ইতিমধ্যেই তাঁর দলের সঙ্গে বিহারের মুখ্যমন্ত্রীর জোট গঠনের কথা খারিজ করে দিয়েছেন। নীতীশ কুমার দুত মারফত বেশ কিছুদিন ধরে তাঁর মনের এই ইচ্ছার কথা যাদব পরিবারের কর্তার কাছে জানাচ্ছিলেন। এমনকি ছেলের বিয়েতে লালু যখন প্যারোলে বাড়ি আসেন, তখনও তাঁর কাছে প্রস্তাবটি দেওয়া হয়। লালু নিজে অবশ্য অরাজি হননি, দীর্ঘদিনের বন্ধুকে জোটে নিতে, কিন্তু তেজস্বী এই বিশ্বাসঘাতককে কোনওমতেই জোটে ফিরিয়ে নিতে নারাজ। এমনকি কংগ্রেসের শীর্ষ নেতারাও নীতীশ কুমারকে নিয়ে বিহারে যখন 'মহাগঠবন্ধন'কে আরও শক্তিশালী করতে চাইছেন, তখন তেজস্বী বলেছেন, তাঁর অনুমতি ছাড়া কোনওরকম জোট করা চলবে না আরজেডি'র।

এই ঘটনার কয়েক দিন পরে আর এক তরুণ আরজেডি নেতা তেজ প্রতাপের অভিযোগ শোনা গেল বিজেপি-আরএসএসের বিরুদ্ধে। তেজ প্রতাপ তাঁর মাকে যেভাবে আক্রমণ করা হয়েছে, তা পরিবারে ভাঙন ধরানোর চেষ্টা বলে দাবি করেছেন। তেজ প্রতাপের দাবি, শনিবার সন্ধ্যাতেই তাঁর ফেসবুক আইডি হ্যাক করা হয় এবং পরিবারের বন্ধন ভাঙার জন্য সবরকম চেষ্টা করা হয়। বিজেপি-আরএসএস হ্যাকারদের উদ্দেশে তেজ প্রতাপ তীব্র আক্রমণ চালিয়ে বলেছেন, 'লুটারদের মধ্যে রাখা উচিত, আমার পরিবার আমার জীবন, আমার ভাই আমার শক্তি, আমার মনের শান্তি। কাজেই পরিবারে কোনওভাবেই ভাঙন ধরানো যাবে না।'



প্রাক্তন ক্রিকেটার এখন বিজেপির সাংসদ কীর্তি আজাদ দ্বিতীয় মিথিলা আম মহোৎসবে তারিয়ে তারিয়ে আম খাচ্ছেন। এই মহোৎসবের আয়োজন হয়েছেদিল্লিতে।

লরি-অটো মুখোমুখি সংঘর্ষ, মৃত ৬

কাকিনাড়া (অন্ধ্রপ্রদেশ), ৩ জুলাই: লরির সঙ্গে অটোরিকশার মুখোমুখি ধাক্কায় মৃত্যু হল ৬ জনের। মৃতদের মধ্যে ৩ বছরের একটি শিশুও আছে। জখম হয়েছেন আরও ৯ জন। এই সংঘর্ষের ঘটনাটি ঘটেছে মঙ্গলবার ভোরে অন্ধ্রপ্রদেশের পূর্ব গোদাবরী জেলার কাকিনাড়ায় সমরলাকোটা-কাকিনাড়া এডিবি সড়কের উপর। জখমদের মধ্যে অনেকেরই অবস্থা আশঙ্কাজনক হওয়ায় মৃতের সংখ্যা বাড়তে পারে বলে পুলিশের ধারণা। অটোরিকশায় ১৪ জন যাত্রী ছিলেন। প্রত্যক্ষদর্শীদের দাবি, মঙ্গলবার ভোরে যাত্রীবোঝাই এই সেভেন সিটার অটো রিকশাটি রামেশ্বরমগ্রামের দিকে যাচ্ছিল। সেই সময় অত্যন্তদ্রুতগতিতে উল্টোদিক থেকে আসা একটি লরি সজোরে ধাক্কা মারে অটোয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় ৬ জনের।

অদ্ভুত জগাখিচুড়ি পরিস্থিতি, ট্যুইটে দাবি থারুরের

নয়াদিল্লি /তিরুবনন্তপুরম, ৩ জুলাই : সুনন্দা পুষ্কর হত্যা মামলায় প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী ও তিরুবনন্তপুরমের কংগ্রেস সাংসদ শশী থারুরের আগাম জামিন মঞ্জুর করেছে আদালত। এতে কিছুটা স্বস্তি পাওয়ার পরই শশী ট্যুইট করে সুনন্দা হত্যাকাণ্ডকে ঘিরে তাঁকে যেভাবে জেরা করা শুরু হয়েছে ও অন্যান্য ব্যাপার ঘটছে ,

তাকে জগাখিচুড়ি অবস্থা বলে বর্ণনা করলেন শশী থারুর। শশী ট্যুইটে অত্যন্ত সক্রিয়। তাঁর ট্যুইটের ভাষার জন্য অপেক্ষা করে থাকেন অনেকেই। কারণ তাঁদের মতে, শশীর কাছ থেকে শেখা যায় বহু দুর্লভ শব্দবন্ধ। সেইসব শব্দবন্ধের অর্থ খুঁজতে ট্যুইটার ব্যবহারকারীদের মরিয়ম-ওয়েবস্টার অথবা অক্সফোর্ড ডিকশনারি ঘাঁটতে হয়।

থারুর ট্যুইট করে কোন তাঁর উদ্দেশে যে চ্যালেঞ্জ ছোড়া হয়েছে তা নিয়ে মন্তব্য করেছেন। থারুর ট্যুইট করে বলেছেন, মিডিয়ার অতিরিক্ত কৌতূহলের কারণে এই জগাখিচুড়ি পরিস্থিতির সৃষ্টি হয়েছে। শিয়রে শমন অর্থাৎ পুলিশি ঝমকি ও আদালতের মামলা সত্ত্বেও রসিকতা করতে ছাড়েননি থারুর। মিডিয়ার উদ্দেশে ট্যুইট করে একটি কবিতাও লিখেছেন তিনি। যার নির্যাস হল, আমাদের মিডিয়া প্রায়ই অতিরিক্ত কৌতূহলী হয়ে পড়ে। বিশেষ করে, কারও অর্থ বা অন্য কিছু নিয়ে ঘটনা ঘটলেই সেই কৌতূহল আরও বেড়ে যায়। দেখা যায়, কেউ কেউ অর্থের জন্য লোভী হয়ে পড়েছেন।

দীর্ঘস্থায়ী যৌন সম্পর্ক বিয়ের সমতুল কি না, অ্যাটর্নি জেনারেলের কাছে জানতে চাইল শীর্ষ আদালত

নয়াদিল্লি, ৩ জুলাই : দীর্ঘস্থায়ী যৌন সম্পর্ক বিয়ের সমতুল হওয়া উচিত কি না, তা নিয়ে ভারতের অ্যাটর্নি জেনারেলের মতামত জানতে চাইল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের মতে, এ ধরনের বহু মামলাতেই এই প্রশ্ন উঠছে। দেখা যাচ্ছে, এক ব্যক্তি দীর্ঘদিন ধরে যৌন সহাবস্থান করার পরও ধর্ষণের দায়ে অভিযুক্ত হচ্ছেন না, কারণ তাদের মধ্যে দীর্ঘদিন ধরে এই সম্পর্ক চলছে। সেক্ষেত্রে দু'পক্ষেরই সম্মতি রয়েছে। আদালত জানতে চেয়েছে, এই অবস্থা বিয়ের স্বাভাবিক অংশ কি না, তা নিয়ে স্পষ্ট মতামত দেওয়া দরকার। শীর্ষ আদালত এ বিষয়ে অ্যাটর্নি জেনারেলের মতামত জানতে চায় এ ধরনের একটি মামলার শুনানির সময়। ওই মামলায় ধর্ষণে অভিযুক্ত এক ব্যক্তি দাবি করেন, তাঁর বিরুদ্ধে অহেতুক এই অভিযোগ করা হয়েছে। কারণ সংশ্লিষ্ট মহিলার সঙ্গে তাঁর সম্মতিতেই দীর্ঘদিন ধরে যৌন সম্পর্ক আছে তাঁর। প্রসঙ্গত, ওই ব্যক্তির সঙ্গে যৌন সম্পর্কে জড়িয়ে পড়া মহিলা শীর্ষ আদালতে অভিযোগে বলেন, দীর্ঘদিন সহবাস করার পরও তাঁকে বিয়ে করতে অস্বীকার করেছেন ওই ব্যক্তি। অথচ এই ঘটনা প্রায় বিয়েরই সমতুল। এই মামলায় অভিযুক্তের আবেদনের উপর স্থিতাবস্থা জারি করেছে সুপ্রিম কোর্ট। আগামী ১২ সেপ্টেম্বর এ নিয়ে ফের শুনানির দিন ধার্য হয়েছে।

মুম্বইয়ে অবিরাম বৃষ্টিতে অধিকাশে রাস্তাই জলবন্দি। মঙ্গলবার সকালে সেই জল ঠেলে এগিয়ে চলেছে গাড়িগুলি।

গো-রক্ষা বা শিশু অপহরণের গুজব অপরাধ, রাজ্যকেই থামাতে হবে জনতার হিংসা : সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ৩ জুলাই : 'মব ভায়োলেন্স' থামানোর নির্দেশ দিল শীর্ষ আদালত। এদিন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সহ আরও দুই বিচারপতিকে নিয়ে গঠিত বেঞ্চ পরিষ্কার জানিয়েছে, কেউ নিজের হাতে আইন তুলে নিতে পারে না। সে গো-রক্ষাই হোক বা শিশু অপহরণের গুজবই হোক, বহু মানুষ যখন একত্র হয়ে হিংসা সৃষ্টি করবেন তখন তা থামাতে হবে রাজ্যগুলিকে। শীর্ষ আদালতের এই রায়ে অবশ্যই স্বস্তি পেল কেন্দ্র। কারণ এই গণহিংসা নিয়ে কেন্দ্রকে বিঁধছিল বিরোধী দলগুলি।

প্রধান বিচারপতি দীপক মিশ্র এবং বিচারপতি এ এম খানউইলকর এবং ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে একটি বেঞ্চ মঙ্গলবার পরিষ্কার জানায়, প্রত্যেকটি রাজ্যকে এজন্য দায়িত্ব নিতে হবে, যাতে কোথাও কোনও হিংসা না ছড়ায়। গো-রক্ষার মতো বিষয়ে অযথা যাতে গুজব না ছড়ায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। তিন সদস্যের বেঞ্চ আরও বলেছে, কেউ তাদের হাতে আইন তুলে নিতে পারবেন না। রাজ্য সরকারগুলিকে যে কোনও ধরনের অপরাধের মোকাবিলা করতে হবে। গত বছর ৬ সেপ্টেম্বর সুপ্রিম কোর্ট গো-রক্ষার নামে যে হিংসা শুরু হয়েছে তা বন্ধ করতে সব রাজ্যগুলির কাছে পরামর্শ চেয়েছিল। গো-রক্ষার নামে যে হিংসার সৃষ্টি হয়েছে তা বন্ধ করার নির্দেশ দেওয়া হয়েছিল।

পড়ুন আর্থিক লিপি

VACANCY NOTICE

The Pay & Accounts Organisation, Andaman & Nicobar Administration invites online application for recruitment to fill the following post on temporary basis as detailed below:

1	**Name of Post**	: Accountant
2	**No of post**	: 10 (UR : 06, OBC : 03, PwD (HH) : 01)
3	**Classification**	: Group-C, Non Gazetted, Ministerial
4	**Pay Level in the Pay Matrix**	: 05 (`29200 – 92300)
5	**Educational qualification required**	: Bachelors degree in any stream of a recognized University
6	**Age Limit**	:18-33 : Male, 18-38 : Female (Relaxable to OBC, PwDs & Govt. servants as per rules & orders issued by GoI)
7	**Last date of submission of online application**	: 10.08.2018 (05.00 PM)

Detailed vacancy notice including scheme of examination, syllabus etc. can be viewed online at www.and.nic.in. The link to submit online application shall be opened on 05.07.2018 and closed on 10.08.2018 (05.00PM).

Senior Accounts Officer-IV
CPAO, Port Blair

2554/18